

শেখ হাসিনার বারতা

নারী-পুরুষ সমতা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মহিলা বিষয়ক অধিদপ্তর

৩৭/৩ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা

উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক (আইজিএ)

প্রশিক্ষণ প্রকল্প

<http://www.dwa.gov.bd>

নম্বর ৩২.০১.০০০০.০০০.২৯.০৬৫.১৮-২৩১

তারিখ: ২২ কার্তিক ১৪২৯

০৭ নভেম্বর ২০২২

প্রশিক্ষণার্থী ভর্তি বিজ্ঞপ্তি

বিষয়: মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নধীন "উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক (আইজিএ) প্রশিক্ষণ" ২য় সংশোধিত প্রকল্পের আওতায় মহিলাদের বিনামূল্যে প্রশিক্ষণ নিম্নিত অনলাইনে আবেদন প্রসঙ্গে।

মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নধীন "উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক (আইজিএ) প্রশিক্ষণ" শীর্ষক প্রকল্পের অধীনে ৮ টি বিভাগীয় শহর (রাজশাহী বিভাগের পাবনা জেলায়), ৬৪টি জেলা ও ৪৩১ টি উপজেলায় নিম্ন বর্ণিত ট্রেডে দরিদ্র, সুবিধা বঞ্চিত (১৬-৪৫ বছর) মহিলাদের বিনামূল্যে আয়বর্ধক প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। প্রশিক্ষণ গ্রহণে আগ্রহী মহিলাদের নিকট থেকে প্রশিক্ষণের জন্য **Online**-এ আবেদনপত্র আহ্বান করা যাচ্ছেঃ-

ট্রেডের নাম	প্রশিক্ষণের স্থান	প্রশিক্ষণের মেয়াদ	আসন সংখ্যা	বয়স সীমা	যোগ্যতা
১। ফ্যাশন ডিজাইন ২। বিউটিফিকেশন ৩। ফ্রিস্টাল শোপিচ ও ডেকোরেটেড কেডেল মেকিং (মোমবাতি) ৪। মাশরুম চাষ, ভার্গি কম্পোষ্ট ও মৌচাষ ৫। শতরঞ্জি ও হস্তশিল্প ৬। ফুড প্রসেসিং ৭। বেবি কেয়ার ও হাউজকিপিং	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয় (৪৩১টি)	৩ মাস মেয়াদী ৬০ কর্মদিবস ব্যাপী	প্রতি উপজেলায় ২টি ট্রেড প্রতি ট্রেডে ২৫ জন করে সর্বমোট (২৫জন X ২ ট্রেড) = ৫০ জন। (উপজেলা ওয়ারী প্রশিক্ষণ ট্রেডের তালিকা ওয়েবসাইটে পাওয়া যাবে)	১৬-৪৫ বৎসর	দরিদ্র ও সুবিধা বঞ্চিত নারী (ইতিপূর্বে সংশ্লিষ্ট প্রকল্প হতে প্রশিক্ষণ প্রাপ্ত কোন প্রার্থী আবেদন করতে পারবেন না)
৮। কম্পিউটার সার্ভিসিং এন্ড রিপেয়ারিং এন্ড মোবাইল সার্ভিসিং এন্ড রিপেয়ারিং ৯। কম্পিউটার অ্যান্সিকেশন প্রোগ্রাম	উপপরিচালকে র কার্যালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর (৬৪টি জেলা)		প্রতি ব্যাচে ৩০ জন		
১০। মটর ড্রাইভিং	৭টি বিভাগীয় শহরে এবং রাজশাহী বিভাগের পাবনা জেলার বিআরটিসি'র প্রশিক্ষণ কেন্দ্র		প্রতি ব্যাচে ৩০ জন	২১-৪৫ বৎসর	১। ন্যূনতম এসএসসি পাশ হতে হবে। ২। মানসিক ও শারীরিকভাবে সুস্থ হতে হবে।

নিম্ন বর্ণিত শর্তাবলী ও নিয়মাবলী আবেদন করণ পূরণ এবং প্রশিক্ষণে অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবেঃ

০১। প্রশিক্ষণে অংশগ্রহণ করতে ইচ্ছুক আগ্রহী প্রার্থীকে আইজিএ প্রকল্পের ওয়েবসাইট (iga.dwa.gov.bd) এর মাধ্যমে কেবলমাত্র অনলাইনে প্রশিক্ষণে ভর্তির আবেদন করতে হবে। Online-এ আবেদনের নিয়মাবলী ওয়েবসাইটে দেয়া আছে। আবেদনের জন্য কোন ফি জমা দিতে হবে না। আবেদনের সময়সীমা নিম্নরূপঃ

(ক) Online - এ আবেদনপত্র পূরণের তারিখ ও সময়ঃ ০৮/১১/২০২২ খ্রিঃ সকাল -০৯.০০ টা হতে ১৩/১১/২০২২ খ্রিঃ রাত ১২.০০ টা। উল্লেখ্য, এই সময়ের মধ্যেই পূরণকৃত আবেদনপত্রের PDF কপি আবশ্যিক ভাবে ডাউনলোড করে প্রিন্ট করে নিতে হবে।

(খ) বিভাগ/জেলা/উপজেলা পর্যায়ে (যাহার জন্য যা প্রযোজ্য) আবেদনপত্রের প্রিন্ট কপি জমাদানের শেষ তারিখ ও সময়ঃ ১৪/১১/২০২২খ্রিঃ বিকাল-৩.০০ টা।

(গ) বিজ্ঞপ্তিতে বর্ণিত আসন সংখ্যা হাস-বৃদ্ধি বা ট্রেড বাতিল/ সংশোধন বা সংযোজন করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

(ঘ) আগ্রহী মহিলা প্রশিক্ষণার্থীগণ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ে, তথ্যা আপা প্রকল্প অফিসে, ইউনিয়ন ডিজিটাল কেন্দ্র অথবা নিজে নিজে অনলাইনে আবেদন করতে পারবেন।

(ঙ) এছাড়াও প্রশিক্ষণার্থী ভর্তি সংক্রান্ত অন্যান্য শর্তাবলি প্রকল্পের ওয়েবসাইট- (iga.dwa.gov.bd) তে পাওয়া যাবে।



৭-১১-২০২২

মোঃ তারিকুল আলম

প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)

ফোন: ০২-৫৫১৩৮১২৭

ইমেইল:

igaprojectbd@gmail.com

অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা / সার্বিক) ও সভাপতি জেলা পর্যায়ে প্রশিক্ষণার্থী বাছাই কমিটি
- ২) উপজেলা নির্বাহী অফিসার (সকল) ও সভাপতি উপজেলা পর্যায়ে প্রশিক্ষণার্থী বাছাই কমিটি
- ৩) উপপরিচালক (সকল) জেলা পর্যায়
- ৪) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (সকল)